দৈনিক
ইত্তেফাক

তারিখ ..05 DEC 2016.....
পৃষ্ঠা ..৫.... কলাম ..৪......

# বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ইন্সটিটিউট নির্মাণে ছাত্রলীগ নেতাকর্মীদের বাধা!

■ রংপুর প্রতিনিধি

রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে নির্মাণাধীন ডঃ ওয়াজেদ রিসার্চ ইন্সটিটিউটের নির্মাণ কাজে বাধা দিচ্ছে বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগের নেতাকর্মী পরিচয়ধারী একদল ছাত্র। গত রবিবার দুপুরে নির্মাণ কাজের জন্য ৭টি ট্রাকে করে নিয়ে আসা পাথর ফেলতে বাধা দেয় ঐ ছাত্ররা। বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল বিভাগ বিষয়টি পুলিশকে জানালে পুলিশের উপস্থিতিতে ট্রাক থেকে পাথর নামানোর কাজ শুরু করে শ্রমিকরা। ৩টি ট্রাকের পাথর নামানোর পর পুলিশ ঘটনাস্থল ত্যাগ করলে ওই নেতাকর্মীরা পুনরায় সেখানে গিয়ে শ্রমিকদের মারপিট করে পাথর নামার কাজ বন্ধ করে দেয়। পরে বিকেলে পুলিশ আবারও ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনলে শ্রমিকেরা পাথর ফেলার কাজ শুরু করেন।

জানা যায়, রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ১নং খেলার মাঠের পাশে ২৬ কোটি টাকা ব্যয়ে ডঃ ওয়াজেদ রিসার্চ ইন্সটিটিউটের নির্মাণ কাজ শুরু করে বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল বিভাগ। নির্মাণ কাজের দায়িত্ব পায় ফরিদপুরের আব্দুস সালাম ও হাবিব এন্ড কোং।

তবে বাংলাদেশ ছাত্রলীগ বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় কমিটির সাধারণ সম্পাদক মোস্তফা মাহামুদ হাসান ছাত্রলীগের জড়িত থাকার অভিযোগ অস্বীকার করে বলেন, বিশ্ববিদ্যালয়ের নির্বাহী প্রকৌশলী জাহাঙ্গীর আলম কয়েক কোটি টাকা উৎকোচের বিনিময়ে ডঃ ওয়াজেদ রিসার্চ ইন্সটিটিউটের নির্মাণ কাজ ঠিকাদারকে দিয়েছেন। ছাত্রলীগ এর প্রতিবাদ করায় তিনি আমাদের নামে অপ-প্রচার চালাচ্ছেন। নির্বাহী প্রকৌশলীর উৎকোচ নেওয়ার তথ্য বিভিন্ন গণমাধ্যমে প্রকাশ পেয়েছে ও প্রধানমন্ত্রীর কার্যালয়েও পাঠানো হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের নির্বাহী প্রকৌশলী জাহাঙ্গীর আলমের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, ছাত্রলীগের নেতাকর্মীরাই এ কাজ করেছে। উপাচার্যকে তাদের বিরুদ্ধে অভিযোগ দিয়েছি। বিশ্ববিদ্যালয় পুলিশ ফাঁড়ির দায়িত্বরত পুলিশের উপ-পরিদর্শক এরশাদ হোসেন বলেন, বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের নেতাকর্মীরা অস্ত্র-সস্ত্র নিয়ে এসে ট্রাকের পাথর ফেলার কাজ বন্ধ করে দিয়েছিল। আমি তাদের নিষেধ করলে তারা আমাকে বদলি করার হুমকি দেওয়ায় আমি সেখান থেকে চলে আসি।